

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 28-10-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্য সরকার জনকল্যানে ও মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করার উদ্দেশ্যে একাধিক প্রকল্প চালুর সিদ্ধান্ত নিয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যের ১১টি সরকারি মহাবিদ্যালয়ে ওয়াইফাই সংযোগ প্রদান এবং মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার উদ্বোধন করেন।
- (৩) রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু জলবায়ু পরিবর্তন মোকাবেলায় জন্মের ও সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন।
- (৪) কেন্দ্রীয় মন্ত্রিসভা অষ্টম কেন্দ্রীয় বেতন কমিশনের শর্তাবলী অনুমোদন করেছে।
- (৫) কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পাঁচিচেরির বিরুদ্ধে সরাসরি জয়ের অপেক্ষায় রয়েছে ত্রিপুরা।

\*\*\*\*\*

**Cabinet Decision :**

রাজ্য সরকার জনকল্যানে ও মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করার উদ্দেশ্যে একাধিক প্রকল্প চালুর সিদ্ধান্ত নিয়েছে। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গতকাল এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রয়টিন ও খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্য বসবাসকারী ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের নাগরিকদের আর্থিকভাবে স্বনির্ভর করে তুলতে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে "মুখ্যমন্ত্রী সংখ্যালঘু উন্নয়ন প্রকল্প" চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্রকল্প চালুর জন্য চলতি বছরের বাজেটে ১ কোটি ৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রকল্প অনুযায়ী সংখ্যালঘু অংশের যে কোনও

নাগরিককে ডেয়ারী, হাঁস ও মুরগি পালন, বা ক্ষুদ্র ব্যবসা ইত্যাদির জন্য ৫ হজার টাকা করে দুই কিস্তিতে ১০ হজার টাকা করে দেওয়া হবে। প্রাথমিকভাবে ১৫০০ জন সুবিধাভোগীকে এই অর্থ সাহায্য করা হবে।

তাছাড়া রাজ্য সরকার, মহিলা ক্ষমতায়নে ও মহিলাদের স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে শিল্প বানিজ্য দপ্তরের মাধ্যমে "ওমেন এন্টারপ্রেইনারশীপ পলিসি" ("Women Entrepreneurship Policy") চালুর সিদ্ধান্ত নিয়েছে। এই পলিসি অনুযায়ী মহিলারা কোনও উদ্যোগ গড়ে তোলার জন্য সর্বোচ্চ ১ কোটি টাকা ঋণ পাবেন। রাজ্যে ৪২ হজার লাখপতি দিদি বা স্ব-সহায়ক গোষ্ঠীও এই ঋণ পেতে পারেন। তিনি জানান, সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের মাধ্যমে "মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা" চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই যোজনায় অন্ত্যেদয় পরিবারের সর্বোচ্চ দুই কন্যা সন্তানের জন্য ১৮ বছর পূর্ণ হওয়া পর্যন্ত ৫০ হজার টাকার ফিক্সড ডিপোজিট বা স্থায়ী আমানত করে দেবে। কন্যা সন্তানদের বয়স ১৮ বছর পূর্ণ হলে এই টাকা বিবাহ বা উচ্চ শিক্ষার কাজে ব্যয় করা যাবে।

খাদ্যমন্ত্রী আরো জানান, সোনামুড়ার নলছড়ে একটি মহিলা মহাবিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে সেখানে পঠন পাঠন শুরু করার উদ্যোগ নেওয়া হবে।

তিনি জানান, রাজ্য মন্ত্রিসভার বৈঠকে রাজ্য বিদ্যুৎ নিগমে ১০৪ জন ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারকে ম্যানেজার পদে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইলেক্ট্রিক্যালে ২৪ জন, মেকানিক্যালে ৪ জন এবং সিভিল ইঞ্জিনিয়ার ডিগ্রিধারী ৮ জনকে গ্রেড "এ" হিসাবে এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারের গ্রেড "বি" হিসাবে ইলেক্ট্রিক্যালে ৫৮ জন, মেকানিক্যালে ২ জন ও সিভিল ইঞ্জিনিয়ার পদে ৮ জনকে নিয়োগ করা হবে।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় চারু ও কারুকলা মহাবিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের ১১টি সরকারি মহাবিদ্যালয়ে

ওয়াইফাই সংযোগ প্রদান এবং মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনার উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, প্রযুক্তিকে কাজে লাগিয়ে নতুন নতুন বিষয় উদ্ভাবনে ছাত্রছাত্রীদের বেশি করে মনোনিবেশ করতে হবে। নতুন নতুন বিষয় জানার জন্য প্রযুক্তিকে যথাযথভাবে ব্যবহার করতে হবে। তবেই ছাত্রছাত্রীরা বেশি করে সাফল্যের মুখ দেখবে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনায় ২০২৫-২৬ অর্থবর্ষে ২০ হাজার শিক্ষার্থীকে ১০ কোটি টাকা ব্যয়ে স্মার্টফোন দেওয়া হবে। সরকার এই প্রকল্পের সময়সীমা ২০২৬-২৭ সাল পর্যন্ত বৃদ্ধি করেছে। উপস্থিতি ছিলেন অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহরায়, উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্তে।

\*\*\*\*\*

### **Governor Visit Tripura Sundari Temple :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ উদয়পুরে মাতা ত্রিপুরাসূন্দরী মন্দির পরিদর্শন করেন এবং পূজা দেন। তিনি রাজ্যবাসীর কল্যাণ কামনায় প্রার্থনা করেন। এরপর রাজ্যপাল নব কলেবরে গড়ে উঠা ত্রিপুরাসূন্দরী মন্দির প্রাঙ্গন ঘুরে দেখেন। তিনি মাতা ত্রিপুরাসূন্দরী গ্যালারী, ধ্যানমন্দির পুণ্যার্থীদের বসার জায়গা এবং অন্যান্য সুযোগ সুবিধাগুলি পরিদর্শন করেন।

\*\*\*\*\*

### **International Flight :**

আগরতলার এম বি বি বিমানবন্দর থেকে ব্যাংকক, কুয়ালালামপুর, সিংঙ্গাপুর প্রভৃতি শহরে আন্তর্জাতিক বিমান চালানোর জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে অসামরিক বিমান চলাচল মন্ত্রকে প্রস্তাব পাঠানো হয়েছে। আজ সচিবালয়ে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী এখবর জানান।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# ##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **President :**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু জলবায়ু পরিবর্তন মোকাবেলায় জরুরি ও সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। তিনি বলেন যে, এটি সমগ্র বিশ্বকে প্রভাবিত করছে। আজ নতুনদিল্লিতে আন্তর্জাতিক সৌর জোট, আইএসএ এর অষ্টম অধিবেশনে ভাষণ দিচ্ছিলেন রাষ্ট্রপতি। তিনি বলেন যে ভারত জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই দিকে দৃঢ় পদক্ষেপ নিচ্ছে। তিনি আরও উল্লেখ করেন যে ভারত এবং বিশ্বের বিভিন্ন সভ্যতা দীর্ঘকাল ধরে সূর্যকে জীবন ও শক্তির চূড়ান্ত উৎস হিসেবে সম্মান করে আসছে। তিনি সৌরশক্তির গুরুত্বের উল্লেখ করেন।

# # # # Byte-President# # # #

নবীন ও পুনর্বীকরণযোগ্য জ্বালানি মন্ত্রী প্রহ্লাদ যোশী এবং আইএসএ-এর মহানির্দেশক আশীষ খান্নাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিশ্বব্যাপী প্রায় ১২৪টি দেশ এবং ৪০ জনেরও বেশি মন্ত্রী এই অনুষ্ঠানে যোগ দিয়েছেন।

\*\*\*\*\*

### **8th Pay Commission :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা অষ্টম কেন্দ্রীয় বেতন কমিশনের শর্তাবলী অনুমোদন করেছে। আজ নতুনদিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর, তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈঝো সংবাদমাধ্যমকে বলেন যে কমিশন গঠনের তারিখ থেকে ১৮ মাসের মধ্যে তারা সুপারিশ করবে। তিনি জানান যে কমিশনে একজন চেয়ারপার্সন, একজন পার্টটাইম সদস্য এবং একজন সদস্য-সচিব থাকবেন।

মন্ত্রিসভা ২০২৫-২৬ সালের রবি মরসুমের জন্য ফসফরাস ও পটাসিয়াম সারের উপর পুষ্টি-ভিত্তিক ভর্তুকির হার অনুমোদন করেছে। শ্রী বৈঝো বলেন যে মন্ত্রিসভা ২০২৫ সালের রবি মরসুমের জন্য প্রায় ৩৭ হাজার ৯৫২ কোটি টাকার ভর্তুকির অনুমোদন দিয়েছে এবং এই হার পয়লা অক্টোবর থেকে প্রযোজ্য হবে। তিনি আরও বলেন যে এই উদ্যোগ কৃষকদের জন্য ভর্তুকিযুক্ত, সাধারণ মূল্যের এবং যুক্তিসংগত মূল্যে সারের প্রাপ্যতা নিশ্চিত করবে।

\*\*\*\*\*

### **Package Story-Nipun Tripura Boat Rally :**

সমগ্র শিক্ষার আওতায় পড়ুয়াদের ছোটবেলা থেকেই লিখতে পড়তে শেখার পাশাপাশি গণিতে দক্ষতা অর্জনের লক্ষ্যকে সামনে রেখেই নিপুন ত্রিপুরা মিশনে অভিযান শুরু হয়। চলতি বছরেও সেই অভিযানের কর্মকাণ্ড গত পয়লা আগস্ট থেকে শুরু হয়েছে। আগামী ৩১শে অক্টোবর তৃতীয় পর্যায়ের এই অভিযান শেষ হবে। সেই উপলক্ষ্মে আজ গোমতী জেলার ডম্বুর জলাশয় সংলগ্ন মন্দির ঘাটে আয়োজিত হয় নিপুন ত্রিপুরা বোট র্যালিসহ নানা কর্মসূচি। এনিয়ে শুনুন একটি প্রতিবেদন।

#####\VC#####

\*\*\*\*\*

### **Unity March :**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনকে সামনে রেখে আজ বাণী বিদ্যাপীঠ বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে আগরতলা শহরে এক পদ্যাত্ত্বার আয়োজন করা হয়। এতে অংশ গ্রহণ করেন আগরতলা পুর নিগমের মেয়ের দীপক মজুমদার, বিদ্যালয়ের ছাত্রীরা সহ শিক্ষক শিক্ষিকারা।

\*\*\*\*\*

### **Bal Vibha Mukta Bharat :**

বাল্যবিবাহ, কিশোরীকালীন গর্ভাবস্থা ও মাদকের অপব্যহার ক্রটতে ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মিশন সংকল্পের অধীন আজ সিপাহীজলা জেলা শাসকের কার্যালয়ে উচ্চাকাংখ্যী বালিকাদের নিয়ে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিতি ছিলেন সিপাহীজলা জেলার জেলা শাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, জেলার শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান সীমা ভৌমিক, সমাজকল্যান ও সমাজশিক্ষা দপ্তরের জেলা আধিকারিক উত্তম কুমার দাস প্রমুখ। এই শিবিরে তাদের বাল্যবিবাহের কুফল সম্পর্কে বক্তাগণ অবহিত করেন। শিবির শেষ হবার পর এই নাবালিকাদের সিপাহীজলা চিড়িয়াখানা পরিদর্শন করানো হয়।

\*\*\*\*\*

### **CK Naidu :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পন্ডিতেরির বিরুদ্ধে সরাসরি জয়ের অপেক্ষায় রয়েছে ত্রিপুরা। আগরতলার নরসিংগড়ের পিটিএ মাঠে তৃতীয় দিনে সফরকারী পন্ডিতেরির প্রথম ইনিংসের ২৭০ রানের জবাবে রাজ্যদল লিড নিয়ে প্রথম ইনিংসে ২৭৯ রান করে। ৯ রানে পিছিয়ে থেকে পন্ডিতেরি দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৬১ রান করতে সক্ষম হয়। রাজ্যদলের অমিত আলী ৬০ রানে ৭টি উইকেট তুলে নেয়। জয়ের জন্য ১৫৩ রানের লক্ষ্যে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ১০৩ রান করে। জয়ের জন্য শেষ দিনে রাজ্যদলের প্রয়োজন মাত্র ৫০ রান।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*